

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়  
প্রাথমিক শিক্ষা  
রাজশাহী বিভাগ, রাজশাহী।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভা।

সভাপতি : শেখ মোঃ রায়হান উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী

তারিখ : ২৪.০৭.২০২৩ খ্রিঃ

সময় : সকাল ১০.০০ টা।

স্থান : বিভাগীয় উপপরিচালকের অফিস কক্ষ, রাজশাহী।

ক্রঃ নং	উপস্থিত সদস্যবৃন্দের নাম ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	শেখ মোঃ রায়হান উদ্দিন বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ, রাজশাহী।	আহবায়ক	স্বাক্ষরিত/-
০২	জনাব নূর আখতার জান্নাতুল ফেরদৌস শিক্ষা অফিসার বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত/-
০৩	জনাব মোঃ তৌহিদুল ইসলাম সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সংযুক্ত) বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ, রাজশাহী।	সদস্য	স্বাক্ষরিত/-
০৪	জনাব মোঃ সাইফুল ইসলাম শিক্ষা অফিসার বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ, রাজশাহী।	সদস্য সচিব	স্বাক্ষরিত/-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিস্তারিত আলোচনা করার জন্য কমিটির সদস্য সচিব জনাব মোঃ সাইফুল ইসলাম, শিক্ষা অফিসার, বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীকে অনুরোধ করেন। এরপর নিম্নোক্ত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	নিয়মিত সভার আয়োজন	প্রতি তিন মাসে কমপক্ষে একবার নৈতিকতা কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভুক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক সভা, অংশীজনের সভা করার বিষয়ে আলোচনা হয়।	আলোচনান্তে প্রতি তিন মাসে কমপক্ষে একবার নৈতিকতা কমিটির সভা, মাসিক সমন্বয় সভার আলোচ্য সূচীতে জাতীয় শুদ্ধাচার কৌশল অন্তর্ভুক্তকরণ, সচেতনতা বৃদ্ধিমূলক এবং অংশীজনের সভা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সদস্য সচিব ও সভাপতি
২	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয়	বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীর আওতাধীন সকল অফিস ও বিদ্যালয়সমূহের সকল কর্মচারী ও শিক্ষকদের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এ দপ্তর কর্তৃক প্রেরিত ২৫ দফা নির্দেশনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তা অনুকরণ ও অনুসরণপূর্বক প্রতিটি ক্ষেত্রের গুরুত্বানুসারে একযোগে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকলে
৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থ বছরে গৃহীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীর আওতাধীন সকল অফিস ও বিদ্যালয়সমূহে কাজ করতে হবে মর্মে বিস্তারিত আলোচনা হয়।	রাজশাহী বিভাগের সকল অফিস ও বিদ্যালয়কে তাঁদের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক সংশ্লিষ্ট অধিক্ষেত্রে একযোগে সকলকে কাজ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকলে

8	জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং পিটিআই সমূহে নিয়মিত সভা হতে কিনা তা নিশ্চিত হওয়া যাচ্ছে না। ইতোপূর্বের বারবার নির্দেশনা থাকা সত্ত্বেও সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং পিটিআই হতে সভার কোন নোটিশ বা রেজুলেশন পাওয়া যাচ্ছে না। বিধায় বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	এখন থেকে রাজশাহী বিভাগের সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিস এবং পিটিআই হতে বাধ্যতামূলকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির সভার নোটিশ এবং সভা শেষে রেজুলেশন বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিস, রাজশাহীতে পাঠাতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকলে
---	--	---	----------------

অধ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(শেখ মোঃ রায়হান উদ্দিন)  
বিভাগীয় উপপরিচালক

ও

আহবায়ক

জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি  
বিভাগীয় প্রাথমিক শিক্ষা, রাজশাহী।  
ফোন-০২৫৮৮৮৫৫৫৮৭।

স্মারক নং-৩৮.০৫.৮১০০.০০০.০৪.০০৪.২২.১৩৯৬/১৫৪

তারিখ : ১৬ শ্রাবন ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ উপপরিচালক (সংস্থাপন)।
- ০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ০৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ০৪। শিক্ষা অফিসার, এ দপ্তর।
- ০৫। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৬। উপজেলা/থানা রিসোর্স সেন্টার (সকল), রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৭। সংরক্ষণ নথি।



(মোঃ সাইফুল ইসলাম)  
শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

জাতীয় শুদ্ধাচার কৌশল নৈতিকতা কমিটি  
বিভাগীয় প্রাথমিক শিক্ষা, রাজশাহী।  
ফোন ০২৫৮৮৮০০৬৩১